

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৭ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ৩.৩০ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে গত ১৯ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত এ.পি.এ. টিমের ১ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি জানান যে, এ বিভাগের জন্য প্রণয়নকৃত ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইনোভেশন টিম কাজ করে যাচ্ছে। তিনি অক্টোবর ও নভেম্বর মাসের **Monthly Activity Execution Celender** সভায় উপস্থাপন করেন এবং কার্যক্রমগুলির অগ্রগতির বিষয়ে সভাপতিকে অবহিত করেন। তিনি আরো বলেন যে, এ বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধির জন্য ০১ (এক) দিনের প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা প্রয়োজন। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১ অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধির জন্য ০১ (এক) দিনের প্রশিক্ষণ কর্মশালা দ্রুত আয়োজন করতে হবে;

৩.২ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে অধিদপ্তর-দপ্তর-সংস্থার সাথে ইনোভেশন টিমের সভা আগামী নভেম্বর ২০২০ মাসে আয়োজন করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০.১১৯

তারিখ: ১২ কার্তিক ১৪২৭

২৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) সিনিয়র সহকারী সচিব, সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



মোঃ ফজলুর রহমান

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)